

উপজেলা পরিক্রমা

রামগঞ্জ

লক্ষ্মীপুর, ডিসেম্বর ৩০ (সংবাদদাতা)।— লক্ষ্মীপুর জেলার ৪টি উপজেলার অন্যতম একটি উপজেলা রামগঞ্জ। এই উপজেলাটি জেলা সদর থেকে দক্ষিণ দিকে অবস্থিত। রামগঞ্জ উপজেলার আয়তন ৬৫ বর্গমাইল। লোকসংখ্যা ১লাখ ৯৭ হাজার ১শ' ১৬ জন। তার মধ্যে পুরুষ ৯৩,৯৮২ জন ও মহিলা ১,০৩,১৩৪ জন। এই উপজেলায় ১১টি ইউনিয়ন এবং ১৪২টি গ্রাম রয়েছে। এখানকার অধিকাংশ লোক কৃষিজীবী এবং এদের জীবনযাত্রার মান দরিদ্রসীমার নীচে।

কৃষি ব্যবস্থা
রামগঞ্জ উপজেলার আধিকাংশ লোকই কৃষিজীবী। এই উপজেলায় মোট কৃষক-পরিবারের সংখ্যা ২৭,৯২৯। মোট জমির পরিমাণ ১৭৩.৫৫ একর। এর মধ্যে আবাদী জমির পরিমাণ ৮৪.৭৫ এবং অনাবাদী জমির পরিমাণ ৮১.৭৫ একর। জমির প্রকার ভেদে রামগঞ্জ উপজেলায় একফসলী, দোফসলী এবং তেফসলী শস্যের আবাদ হয়ে থাকে। কৃষিপণ্যের মধ্যে ধান এবং পাটই প্রধান।

চিকিৎসা ব্যবস্থা
রামগঞ্জ উপজেলার সোয়া দুই লাখ লোকের চিকিৎসা ব্যবস্থার জন্য উপজেলা সদরে একমাত্র হেলথ কমপ্লেক্স রয়েছে। এখানে পয়ঃপ্রণালী থেকে শুরু করে পানি সরবরাহ পর্যন্ত কোন কিছুই সৃষ্টি ব্যবস্থা নেই। রামগঞ্জ উপজেলায় ১১টি ইউনিয়ন। ৩টি ইউনিয়নে পল্লী স্বাস্থ্য কেন্দ্র আছে। সুতরাং রোগাক্রান্ত হলেও এ উপজেলাবাসী সৃষ্টি চিকিৎসা পায় না। রামগঞ্জ উপজেলায় কোন এম্বুলেন্স নেই।

যোগাযোগ ব্যবস্থা

রামগঞ্জ উপজেলার যোগাযোগ ব্যবস্থা সুদীর্ঘ অতীতকাল হতে দুর্গম। জেলা সদরের সাথে আজও সৃষ্টি যোগাযোগ ব্যবস্থা স্থাপিত হয়নি। তাই চিরাচরিতভাবে এ উপজেলাবাসীকে জেলা সদর এবং অন্যান্য স্থানে যাতায়াতে দুর্ভোগ পোহাতে হয়। রামগঞ্জ-হাজীগঞ্জ ৭ মাইল রাস্তা বহুদিন হতে সম্পূর্ণ হওয়ায় উপজেলাবাসীকে দুর্ভোগের মধ্য দিয়ে হাজীগঞ্জে যেতে হয়।

শিক্ষা ব্যবস্থা

রামগঞ্জ উপজেলার মোট জনসংখ্যা ৪০% শিক্ষিত। উপজেলায় ১টি সরকারী কলেজ, ১টি গার্লস হাই স্কুলসহ মোট ২২টি উচ্চবিদ্যালয়, ১টি গার্লস জুনিয়র হাই স্কুলসহ ৪টি জুনিয়র হাই স্কুল ও ১২০টি প্রাথমিক বিদ্যালয় আছে। ২টি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়, ৭টি ফাজিল মাদ্রাসা এবং ৫টি দাখিল মাদ্রাসাসহ ৩টি আলিম মাদ্রাসা ও ১৬টি এবতেদায়ী মাদ্রাসা রয়েছে।

বাণিজ্য ব্যবস্থা

রামগঞ্জ উপজেলায় রামগঞ্জ করিতলা বাজার সুপ্রাচীনকাল থেকে পাট ব্যরসা কেন্দ্র হিসেবে চিহ্নিত। এই পাটের ব্যবসা কেন্দ্রের অবস্থা দিন দিন শোচনীয় হয়ে পড়েছে।

হাট-বাজার

রামগঞ্জ উপজেলায় ১০টি বাজার আছে। এই বাজারগুলোর বিভিন্ন সমস্যার আবেগের মধ্য দিয়ে উপজেলাবাসী জীবন যাপন করে। বাজারগুলোতে তেমন সুব্যবস্থা নেই।